"অতীব গুরুত্বপূর্ণ"

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
"পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা -১২১৫।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০.২৮৫৩

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি.

"পরিপত্র"

**বিষয়ঃ জেলা ও উপজেলা দপ্তরে রক্ষিত অর্থ বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে আমানতকরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে বিআরডিবি সদর কার্যালয়ের স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০-১২০৩৬, তারিখ ২১ নভেম্বর, ২০১৬ খ্রি. এর অনুবৃত্তিক্রমে তাঁর আওতাধীন জেলা ও উপজেলা দপ্তরসমূহে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত অর্থ রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের স্থানীয় শাখাসমূহে স্থায়ী আমানত সংক্রান্ত তহবিলের লাভজনক বিনিয়োগ, হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার স্বার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

১। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং ৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮-৯৩ তারিখ : ০২এপ্রিল, ২০১৮ অনুসারে জেলা ও উপজেলা দপ্তরে বিনিয়োগযোগ্য তহবিল হিসাব করে মোট তহবিলের ৫০% পর্যন্ত বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে লাভজনক হিসেবে রাখা যাবে। তবে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মধ্যে যে ব্যাংকে মুনাফার হার সর্বাধিক সে ব্যাংকে তহবিল বিনিয়োগ করতে হবে।

২। বিনিয়োগযোগ্য কোন অর্থ অলস অবস্থায় কিংবা কম মুনাফায় রাখা যাবে না। অলস বা কম মুনাফায় ব্যাংকে অর্থ ফেলে রাখলে এটিকে প্রতিষ্ঠানের আর্থিক ক্ষতি হিসাবে বিবেচনা করে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা এবং হিসাবরক্ষককে দায়ী করা হবে।

৩। তহবিলের নিরাপত্তার (Fund security) স্বার্থে বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে বিনিয়োগযোগ্য সব অর্থ একই ব্যাংকে না রেখে ভিন্ন ভিন্ন ব্যাংকে স্থায়ী আমানত করে রাখতে হবে। তবে বিনিয়োগযোগ্য অর্থ এক ব্যাংকে একত্রে রেখে মুনাফা অধিক পেলে তাও বিবেচনায় রাখতে হবে।

৪। বেসরকারি ব্যাংকে বিনিয়োগের পূর্বে ব্যাংকের Credit ও Camels Rating পর্যালোচনা করে সুনামের সাথে প্রতিষ্ঠিত এবং মৌলভিত্তি সম্পন্ন ব্যাংকে বিনিয়োগ করতে হবে।

৫। যৌক্তিক বিবেচনায় জেলার আওতাভুক্ত উপজেলাসমূহের তহবিল উপপরিচালকের অনুমতিক্রমে একই জেলার পার্শ্ববর্তী উপজেলা কিংবা জেলা শহরের বিভিন্ন ব্যাংকে স্থায়ী আমানত করে রাখা যেতে পারে।

৬। বিদ্যমান ব্যাংক মুনাফার হার কম তবে ভবিষ্যতে মুনাফার হার বৃদ্ধির সম্ভাবনা অনুমিত হলে প্রয়োজনবোধে/পরিস্থিতি বিবেচনায় জেলা ও উপজেলায় রক্ষিত স্থায়ী আমানতসমূহ স্বল্প মেয়াদে বিনিয়োগ করা যাবে।

৭। মেয়াদান্তে স্থায়ী আমানতসমূহের প্রাপ্ত মুনাফা স্থায়ী আমানত রেজিস্টারে হালনাগাদ পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে।

৮। চলতি মাসে উত্থাপনযোগ্য মেয়াদপূর্তি প্রাপ্ত স্থায়ী আমানতসমূহ বিনিয়োগের প্রস্তাব পূর্ববর্তী মাসের শেষ সপ্তাহে অনুমোদনের জন্যে উপস্থাপন করতে হবে, এ বিষয়ে কোন সময় ক্ষেপণ করা যাবে না।

৯। যদি অন্য কোন ব্যাংকে বিনিয়োগ অধিক লাভজনক বিবেচিত হয় তবে ২ বৎসরের অধিক সময়ের জন্য বিনিয়োগকৃত অর্থও সংশ্লিষ্ট উপপরিচালকের অনুমোদনক্রমে নগদায়ন করে সেই ব্যাংকে পুনঃবিনিয়োগ করা যাবে।

১০। ব্যাংকে বিনিয়োগকৃত অর্থের মধ্যে সমবায়ীদের অর্থের সংশ্লেষ থাকায় সমবায়ীগণ যাতে লাভবান হয় সেদিকে দৃষ্টি রেখে বিনিয়োগ করতে হবে।

১১। দায়যুক্ত ও দায়মুক্ত তহবিল আলাদা আলাদা ভাবে সংরক্ষণ করতে হবে। দায়যুক্ত তহবিলের বিনিয়োগকৃত সমুদয় অর্থ মুনাফাসহ পুনঃবিনিয়োগ করতে হবে। দায়যুক্ত তহবিল হতে ব্যয় করা যাবে না।

১২। প্রত্যেক ইউসিসিএকে একটি সুনির্দিষ্ট আর্থিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। কর্মপরিকল্পনা মোতাবেক বিদ্যমান তহবিলের সুষ্ঠু ও টেকসই বিনিয়োগ নিশ্চিত করতে হবে।

১৩। এক ব্যাংক হতে অন্য ব্যাংকে স্থায়ী আমানতের অর্থ উত্তোলন বা স্থানান্তর করার যৌক্তিক কারণসহ সংশ্লিষ্ট উপপরিচালক এবং সদর দপ্তরকে অবহিত করতে হবে।

১৪। পরিচালন ব্যয় নির্বাহের জন্যে দায়মুক্ত তহবিল হতে ০৩(তিন) মাসের ব্যয়ের সংস্থান রেখে অবশিষ্ট অর্থ বিনিয়োগ করতে হবে।

১৫। উপপরিচালক পরিদর্শনকালে উপজেলা দপ্তরে রক্ষিত সকল স্থায়ী আমানত রসিদের সংখ্যা, মোট টাকার পরিমাণ এবং সংশ্লিষ্ট স্থায়ী আমানত রেজিস্টার পরীক্ষা-নিরীক্ষা করে সঠিক আছে মর্মে পরিদর্শন বহিতে যথাযথভাবে লিপিবদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করবেন।

১৬। সংশ্লিষ্ট জেলার উপপরিচালক পরিদর্শনকালে উপজেলার স্থায়ী আমানত তহবিল ব্যবস্থাপনায় বর্ণিত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে কিনা তা পরীক্ষা নিরীক্ষা করবেন। তহবিল ব্যবস্থাপনায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক তিনি সদরদপ্তরকে অবহিত করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল।

২১.০৩.১৯

মো: নিজাম উদ্দিন
(যুগ্ম সচিব)
পরিচালক (অর্থ)
ফোন ঃ ৮১৮০০০৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.৩০২.৯৯.১৭৮.৯০. ২৮৫৩

তারিখ: ২১/০৩/২০১৯ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে

১। পরিচালক(সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২। পরিচালক, বিআরডিটিআই, সিলেট।
৩। প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক(সকল), ........................., বিআরডিবি, ঢাকা/গাইবান্দা/ফরিদপুর/রংপুর।
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা(বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৬। সভাপতি, ............................. উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, .......................... উপজেলা।
৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২১.০৩.১৯

মো: নিজাম উদ্দিন
(যুগ্ম সচিব)
পরিচালক (অর্থ)
ফোন ঃ ৮১৮০০০৫

স্মারক- ৪৭.৬২.০০.০০.৯৬৬.০০.০২৫.১২-১৮৫

তারিখঃ ২৭/০৩/২০১৯খ্রিঃ

অনুলিপিঃ কার্যার্থে ও সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল) ........ (প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)। প্রকল্পের দায়যুক্ত ও দায়মুক্ত তহবিল ব্যাংকে বিনিয়োগের ক্ষেত্রে পত্রের নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
২। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, ........ (প্রকল্পভূক্ত ৫৯ উপজেলা)।
৩। উপপরিচালক, বিআরডিবি, ........ (প্রকল্পভূক্ত ১৫ জেলা)।
৪। প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সচিব,বিআরডিবি,ঢাকা।
৬। পরিচালক (অর্থ) মহোদয়ের একান্ত সচিব,বিআরডিবি,ঢাকা।
৭। অফিস কপি।

২৭/৩/১৯

(মোঃ আব্দুর রহমান আজাদ)
সহকারী পরিচালক (ইরেসপো)
ফোনঃ ৮১৮৯০৩১